05461

I 0 590507

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

रु.5000

Rs.5000

पाँच हजार रुपये

FIVE THOUSAND RUPEES

INDIA

609284

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

08 SEP 2008

## সাফ বিক্রয় কোবালা দলিল

কোবালা গ্রহিত্রী : শ্রীমতী লীলাবতী গোস্বামী, স্বামী স্বর্গীয় বলাই চরণ গোস্বামী, জাতি-হিন্দু, পেশা -গৃহস্থালী, নিবাস- ৭ নং পাইক পাড়া রো , থানা - চিৎপুর, কোলকাতা - ৭০০০৩৭।

05461 I 0 5905/07

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL 609284

Certified that the document is admitted to registration. The signature sheets attached with the document are the part of this document.

08 SEP 2008

## সাফ বিক্রয় কোবালা দলিল

কোবালা গ্রহিত্রী : শ্রীমতী লীলাবতী গোস্বামী, স্বামী স্বর্গীয় বলাই চরণ গোস্বামী, জাতি-হিন্দু, পেশা -গৃহস্থালী, নিবাস- ৭ নং পাইক পাড়া রো , থানা - চিৎপুর, কোলকাতা - ৭০০০৩৭।

Certificate of Registration under section 60 and Rule 69.

Registered in Book - I
CD Volume number 23
Page from 4720 to 4735
being No 05905 for the year 2009.

(Kalobaran Parai) 09-September-2009
DISTRICT SUB-REGISTRAR-III OF SOUTH 24-PARGANAS
Office of the D.S.R.-III SOUTH 24-PARGANAS
West Bengal

**Government of West Bengal**
**Department of Finance (Revenue) ,Directorate of Registration and Stamp Revenue**
**Office of the D.S.R.-III SOUTH 24-PARGANAS, District- South 24-Parganas**
**Signature / LTI Sheet of Serial No. 05461 / 2009**

ıgnature of the Presentant

| Name of the Presentant | Signature with date |
|---|---|
| Sri Madhab Chandra Maity | Madhab Chandra Maity 08/09/09 |

II . Signature of the person(s) admitting the Execution at Office.

| Sl No. | Admission of Execution By | Status | Photo | Finger Print | Signature |
|---|---|---|---|---|---|
| 1 | Madhab Chandra Maity Address -Office Of The Civil JudgeAliporeKol 27 | Representative |  08/09/2009 |  LTI 08/09/2009 | Madhab Chandra Maity |
| 2 | Sri Madhab Chandra Maity Address -Civil Judge ( Sr. Division ) Kol 27 | Attorney |  08/09/2009 |  LTI 08/09/2009 | Madhab Chandra Maity |

**Name of Identifier of above Person(s)**
Lina Chakraborty
PS-Alipore,Alipore Judge Court Kol 27

**Signature of Identifier with Date**
Lina Chakraborty
8/9/09

(Kalobaran Parai)
DISTRICT SUB-REGISTRAR-III OF SOUTH 24-PARGANAS
Office of the D.S.R.-III SOUTH 24-PARGANAS

## Government Of West Bengal
## Office of the D.S.R.-III SOUTH 24-PARGANAS
## ALIPORE

**Endorsement For deed Number :I-05905 of :2009**
**(Serial No. 05461, 2009)**

---

**On 08/09/2009**

**Certificate of Admissibility(Rule 43)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A Article number 23.4 of Indian Stamp Act 1899.

**Payment of Fees:**

Fee Paid in rupees under article : A(1) = 38830/- ,E = 14/- ,H = 28/- ,M(b) = 4/- on:08/09/2009

**Certificate of Market Value(WB PUVI rules 1999)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs-3530279/-

Certified that the required stamp duty of this document is Rs 247140 /- and the Stamp duty paid as: Impresive Rs- 5000

**Deficit stamp duty**

Deficit stamp duty Rs 242150/- is paid, by the Bankers cheque number 999859, Bankers Cheque Date 07/09/2009 Bank Name State Bank Of India, ALIPORE, received on :08/09/2009.

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1))**

Presented for registration at 14.16 hrs on :08/09/2009,at the Office of the D.S.R.-III SOUTH 24-PARGANAS by Madhab Chandra Maity.

**Executed by Attorney**

1. Execution By Execution by Sri Madhab Chandra Maity,Clerk & Behalf Of Vendor of Office Of The Civil Judge ( Sr. Division ),Alipore Judge Court,Kol 27,as the constituted attorney of 1.Smt Renuka Bandopadnyay 2.Sri Sudhangshu Chakraborty 3.Smti Jyotshna Chakraborty 4.Smt Sabita Bandopadhyay 5.Sri Monotosh Bandopadhyay is admitted by him.

Identified By Smt Lina Chakraborty, daughter of . Alipore Judge Court Kol 27 700027 Thana: Alipore, by caste Hindu,By Profession :Advocate.

**Admitted by legal heirs**

Execution is admitted by :

1.Sri Madhab Chandra Maity , son of . Office Of The Civil Judge Alipore Kol 27 , by profession Government Service

[Kalobaran Parai]
DISTRICT SUB-REGISTRAR-III OF SOUTH 24-PARGANAS
OFFICE OF THE DISTRICT SUB-REGISTRAR-III OF SOUTH 24-PARGANAS
Govt. of West Bengal

---

Government Of West Bengal
Office of the D.S.R.-III SOUTH 24-PARGANAS
ALIPORE
Endorsement For deed Number :I-05905 of :2009
(Serial No. 05461, 2009)

, by caste Hindu Representative of deceased Sri A K Pandey alias , whose right to appear in such capacity has been proved to my satisfaction. Vide Affidavit No 187 dated 08/09/2009 Office civil judge ( sr. division) Identified By Smt Lina Chakraborty, daughter of . Alipore Judge Court Kol 27 700027 Thana: Alipore, by caste Hindu By Profession :Advocate

[Kalobaran Parai]
DISTRICT SUB-REGISTRAR-III OF SOUTH 24-PARGANAS
OFFICE OF THE DISTRICT SUB-REGISTRAR-III OF SOUTH 24-PARGANAS
Govt. of West Bengal

<u>কোবালা দাতা ও দাত্রীগণ :</u> (১) শ্রীমতী রেনুকা বন্দোপাধ্যায়, স্বামী স্বর্গীয় নৃপেন্দ্র কুমার বন্দোপাধ্যায়, জাতি-হিন্দু, পেশা গৃহস্থালী, সাকিন-১/৯, পাইক পাড়া রো, থানা - চিৎপুর, কোলকাতা - ৭০০০৩৭।

(২) শ্রী সুধাংশু চক্রবর্ত্তী, (৩) শ্রীমতী জ্যোৎস্না চক্রবর্ত্তী, উভয়ের জাতি - হিন্দু, পেশা x উভয়ের সাকিন-৯এ, হরেন্দ্র মুখার্জী রোড, নিউ ব্যারাকপুর, থানা - নিউ ব্যারাকপুর, উত্তর ২৪-পরগনা।

(৪) শ্রীমতী সবিতা বন্দোপাধ্যায়, পিতা স্বর্গীয় নৃপেন্দ্র কুমার বন্দোপাধ্যায়, জাতি-হিন্দু, পেশা গৃহস্থালী,

(৫) শ্রী মনোতোষ বন্দোপাধ্যায়, পিতা স্বর্গীয় নৃপেন্দ্র কুমার বন্দোপাধ্যায়, জাতি-হিন্দু, পেশা -x

৪ ও ৫ নং উভয়ের নিবাস-১/৯ পাইক পাড়া রোঃ, থানা -চিৎপুর, কোলকাতা-৭০০০৩৭, জেলা উত্তর ২৪-পরগনা।

কস্য ৪ (চার) কাঠা ১ (এক) ছটাক ১৫ (পনেরো) বর্গফুট পরিমিত জমি জমা মায় তদুপরিস্থিত দ্বিতল পাকা গৃহাদির অবিভক্ত ৯/১০ রকম স্বত্বাংশের সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃ-

জেলা দক্ষিন ২৪-পরগনা অধীন থানা - চিৎপুর, এ. ডি. এস. আর. অফিস শিবাদহের এলাকাধীন, কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের ৪ নং ওয়ার্ড ভুক্ত, পূর্বে ১৪ নং পাইপ পাড়া রোঃ তৎপরে ১৬, পাইক পাড়া রো ও তৎপরে ১ নং সর্ব্বখাঁ রোডস্থিত বর্তমানে ১/৯ নং পাইক পাড়া রোঃ, কোলকাতা -৭০০০৩৭ প্রেমিসেস ভুক্ত ৪ (চার) কাঠা ১ (এক) ছটাক ১৫ (পনেরো) বর্গফুট পরিমিত জমি জমা মায় তদুপরিস্থিত গৃহাদি যাহা ডিহি পঞ্চান্ন গ্রামে ১ নং ডিভিসান, ১৭ নং সাব ডিভিশনে ৯৫/৯৬ হোল্ডিং হিসাবে নথিভুক্ত আছে তাহা জনৈক নৃপেন্দ্র কুমার বন্দোপাধ্যায় এর স্বত্ব দখলী সম্পত্তি থাকে। তিনি ৩.৭.১৯৭১ তারিখে তাহার একমাত্র বিধবা পত্নী শ্রীমতী রেনুকা বন্দোপাধ্যায় অর্থাৎ অত্র দলিলের ১ নং কোবালা দাত্রী তাঁহার দুই পুত্র সন্তোষ কুমার বন্দোপাধযায় অধুনা মৃত এবং মনোতোষ বন্দোপাধ্যায় অত্র দলিলের ৫ নং কোবালা দাতা এবং সাত কন্যা যথাক্রমে অর্চ্চনা বন্দোপাধ্যায়- অধুনা মৃত ঝর্না বন্দোপাধ্যায়, নমিতা বন্দোপাধ্যায়, অসীমা বন্দোপাধ্যায়, কবিতা বন্দোপাধ্যায়, সবিতা বন্দোপাধ্যায় (অত্র দলিলের ৪ নং কোবালা দাত্রী) এবং উজ্জ্বলা বন্দোপাধ্যায়-কে ওয়ারেশ রাখিয়া পরলোক গমন করেন এবং তাহারা প্রত্যেকে ওয়ারিশ সূত্রে উপরোক্ত সম্পত্তিতে অবিভক্ত ১/১০ রকম অংশ প্রাপ্ত হয়েন।

উপরোক্ত ওয়ারিশগণের মধ্যে অসীমা বন্দোপাধ্যায় এক্ষনে চক্রবর্ত্তী একমাত্র বিবাহিতা কন্যা হইতেছে এবং অপর কন্যাদ্বয় অধুনা মৃত কবিতা বন্দোপাধ্যায় ও

ঝর্না বন্দোপাধ্যায় মানসিকভাবে প্রতিবন্ধী থাকেন। উক্ত নৃপেন্দ্র কুমার বন্দোপাধ্যায় এর পুত্র উক্ত সন্তোষ কুমার বন্দোপাধ্যায় এবং উক্ত এক কন্যা নমিতা বন্দোপাধ্যায় অবিবাহিত অবস্থায় মৃত্যু মুখে পতিত হইলে তাহাদের অবিভক্ত ২/১০ রকম অংশ অত্র দলিলের ১ নং কোবালা দাত্রী শ্রীমতী রেনুকা বন্দোপাধ্যায় মাতা হিসাবে প্রাপ্ত হইয়া অবিভক্ত ৩/১০ রকম অংশের মালিক হয়েন। তৎপরে উক্ত শ্রীমতী রেনুকা বন্দোপাধ্যায় স্বয়ং ও মানসিক প্রতিবন্ধী তাঁহার দুই কন্যা ঝর্না বন্দোপাধ্যায় ও কবিতা বন্দোপাধ্যায় এর তরফে অভিভাবক হিসাবে অপর কন্যা শ্রীমতী অসীমা চক্রবর্ত্তী এবং শ্রীমতী  সবিতা বন্দোপাধ্যায় ও শ্রীমতী অর্চ্চনা বন্দোপাধ্যায় এবং পুত্র শ্রী মনোতোষ বন্দোপাধ্যায় এর তরফে জনৈক শ্রী সুনীল কুমার বসাক এবং শ্রী বিমল কুমার বন্দোপাধ্যায় এর সহিত উপরোক্ত সমগ্র সম্পত্তি ১,৪০,০০০ (এক লক্ষ চল্লিশ হাজার) টাকা পণে বিক্রয়ের জন্য রাজি হইয়া চুক্তি করেন। তৎপরে তিনি স্বয়ং এবং প্রতি বন্ধী দুই কন্যা ঝর্না বন্দোপাধ্যায় ও কবিতা বন্দোপাধ্যায় এর অভিভাবক হিসাবে তাহার অপর পুত্র কন্যাগণ যথাক্রমে মনোতোষ বন্দোপাধ্যায়, অসীমা চক্রবর্ত্তী, সবিতা বন্দোপাধ্যায় ও শ্রীমতী অর্চ্চনা বন্দোপাধ্যায় এর সহিত একযোগে পণের অন্দরে ১৫,০০২ টাকা নগদে গ্রহন করতঃ ২৯শে জুন ১৯৮১ সালে এক লিখিত চুক্তিপত্র দাতারা উক্ত সম্পত্তি সম্পর্কে ভবিষ্যতে সম্পাদিত দলিলে অন্য শরিকগণ সামিল হইবেন বলিয়া প্রতিশ্রুতি দিয়াছেন। উক্ত চুক্তিপত্র গ্রহীতা উপরোক্ত সুনীল কুমার বসাক ও বিমল কুমার বসাক চুক্তি ভুক্ত সম্পত্তির যথাক্রমে অবিভক্ত ২/৩ রকম অংশ এবং অবিভক্ত ১/৩ রকম অংশ যথাক্রমে ৯৩,৩৩৫ এবং ৪৬,৬৬৫ টাকা মূল্যে দুটি পৃথক দলিল মূলে খরিদ করিবেন বলিয়া স্থির হয়। উক্ত

শ্রীমতী রেনুকা বন্দোপাধ্যায় এর এক কন্যা উজ্জ্বলা বন্দোপাধ্যায় উক্ত চুক্তিপত্র পরে সহি করিবেন বলিয়া আশ্বাস দেওয়া স্বত্তেও পরবর্ত্তীকালে সহি করেন নাই। পরবর্ত্তীকালে উক্ত উজ্জ্বলা বন্দোপাধ্যায় তাহার অবিভক্ত ১/১০ রকম অংশ শ্রীমতী সর্বানী কাশ্যপী, শ্রীমতী দুলালী কাশ্যপী এবং শ্রীমতী দেবলা কাশ্যপীকে বিক্রয় করেন।

উপরোক্ত শ্রীমতী রেনুকা বন্দোপাধ্যায় পরবর্ত্তীকালে ৫.১২.১৯৮১ তারিখে ৫০০ (পাঁচশত) টাকা এবং ৪.১১.১৯৮৪ তারখে ৫০০ টাকা এবং ২৪.৩.১৯৮৫ তারিখে ৩০০ তিনশত টাকা এবং ১৫.৪.১৯৮৫ তারিখে ৫৫০ পাঁচশত পঞ্চাশ টাকা বিভিন্ন অজুহাতে বায়না স্বরূপে পণের অন্দরে গ্রহণ করেন এবং যথারীতি কোবালা সম্পাদন করিবেন বলিয়া প্রতিশ্রুতি দেন। তৎপরে উক্ত সুনীল কুমার বসাক ও বিমল কুমার বসাক তাহাদের আইনজীবি শ্রী ইন্দ্রচন্দ্র গুপ্তর মারফৎ ইংরাজী ৮.৮.১৯৮৫ তারিখে চিঠি মূলে কোবালা সম্পাদন করার জন্য অনুরোধ করেন কিন্তু শ্রীমতী রেনুকা বন্দোপাধ্যায় ও তাঁহার শরিকগণ উপরোক্ত চিঠির উত্তরে তাহাদের আইনজীবি মারফৎ উপরোক্ত চুক্তিপত্র রদ ও রহিত বা ক্যানসেল হইয়াছে বলিয়া দাবী করায় উক্ত সুনীল কুমার বসাক ও বিমল কুমার বসাক উক্ত চুক্তিপত্র বলবতের জন্য আলিপুরের ৬ নং সাবজজ এর আদালতে ১৯৮৫ সালের ৮১ নং দেওয়ানী মোকর্দ্দমা দাখিল করিয়া উপরোক্ত সম্পত্তির যাহা নিম্ন তপশীলে বিশেষভাবে বর্নিত হইল তাহার ১/১০ রকম অংশ সম্পর্কে স্পেসিফিক পারফরমেন্স অফ্ কণ্ট্রক্ট এর ডিক্রি দেওয়ার পক্ষে আবেদন করেন।

উপরোক্ত মোকর্দ্দমার বিবাদীরা হাজির হইয়া কনটেষ্ট করিতে থাকেন এবং উজ্জ্বলা বন্দোপাধ্যায়ের অংশের ক্রেতা কাপ্যপীরা মামলায় অর্ডার ১রুল ১০ মূলে পক্ষভুক্ত হয়েন।

এই মামলা চলাকালীন চুক্তিপত্র গ্রহীতা ও উপরোক্ত মোকর্দ্দমায় বাদী সুনীল কুমার বসাক ও বিমল কুমার বসাক উক্ত চুক্তিপত্র মূলে তাহাদের রাইট, টাইটেল এবং ইন্টারেষ্ট অর্থাৎ actionable claim অত্র কোবালা গ্রহিত্রীর অনুকূলে উপযুক্ত পণে একটি ডিড্ অফ্ এ্যাসাইনমেন্ট সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দেন। উক্ত ডিড্ অব এ্যাসাইনমেন্ট আলিপুরের ডিষ্ট্রিক্ট সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির নং ভলুমের হইতে নং পাতায় ১৭.৯.১৯৮৮ তারিখে ০১১২২৮ নং দলিল হিসাবে লিপিবদ্ধ আছে। উক্ত ডিড্ অব এ্যাসাইনমেন্ট মোতাবেক অত্র কোবালা পত্র গ্রহীতা উপরোক্ত মামলায় ৩ নং বাদী হিসাবে পক্ষভুক্ত হইয়া মামলা চালাইতে থাকেন।

উক্ত মামলা চলাকালীন অর্চনা বন্দোপাধ্যায় ও কবিতা বন্দোপাধ্যায় অবিবাহিত অবস্থায় তাহার মাতা রেনুকা বন্দোপাধ্যায়-কে ওয়ারিশ রাখিয়া পরলোক গমন করেন। অপর এক কন্যা অসীমা চক্রবর্ত্তী তাঁহার স্বামী সুধাংশু চক্রবর্ত্তী ও এক কন্যা জ্যোৎস্না চক্রবর্ত্তীকে ওয়ারেশ রাখিয়া পরলোক গমন করেন এবং উক্ত ওয়ারিশাগণকে উক্ত মোকর্দ্দমায় পক্ষভুক্ত করা হয়। পরবর্ত্তীকালে শ্রীমতী রীনা দত্ত উক্ত রেনুকা বন্দোপাধ্যায় ও তাহার অংশীদারদের নিকট হইতে উক্ত সম্পত্তি খরিদ করিয়াছেন বলিয়া প্রকাশ করিয়া ১১ নম্বর বিবাদী হিসাবে মামলায় পক্ষভুক্ত হয়েন।

অতঃপর উক্ত মোকদ্দমায় ২১শে সেপ্টেম্বর ২০০৬ সালে চুড়ান্ত নিস্পত্তি হয় এবং অত্র কোবালা পত্র দাতাদের উপরে কোবালা গ্রহিত্রীর অনুকুলে সাফ বিক্রয় কোবালা সহি সম্পাদন করিয়া দিবার আদেশ হয় এবং অত্র কোবালা গ্রহিত্রীকে রায় এর এক মাসের মধ্যে ১,২৫,০০০৲ (এক লক্ষ পঁচিশ হাজার) টাকা জমা দেবার আদেশ হয়। অত্র কোবালা গ্রহিত্রী উক্ত আদেশ পালন করতঃ ১৯.১০.০৬ তারিখে ২২০৯৬ (ডি) নম্বর চালান মুলে উপরোক্ত ১,২৫,০০০৲ (এক লক্ষ পঁচিশ হাজার) টাকা আদালতে জমা দেন। তৎপরে উক্ত মোকদ্দমায় কোবালা গ্রহিত্রী নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি বিক্রয় কোবালা সম্পাদনের জন্য ২০০৮ সালে ৪ নং দেওয়ানী জারি মোকদ্দমা উক্ত ষষ্ঠ সিভিল জজ (সিনিয়ার ডিভিশান) আদালতে দাখিল করেন।

এক্ষণে ২১শে জুন ১৯৮১ সালে বায়না পত্র ও বায়নার মুলে প্রাপ্ত ১৫,০০৲ টাকা ও পরবর্ত্তীকালে ২১.৯.২০০৬ তারখে ডিক্রি মুলে প্রদত্ত পণের বক্রী ১,২৫,০০০৲ (এক লক্ষ পঁচিশ হাজার) টাকা একুনে মোট ১,৪০,০০০৲ (এক লক্ষ চল্লিশ হাজার) টাকা পণে ও তাহার প্রাপ্তি স্বীকারে আমরা অত্র কোবালা দাতাগন নিম্ন তপশীল বর্নিত সম্পত্তির অবিভক্ত ৯/১০ রকম অংশ আপনাকে বিক্রয় করিয়া দিয়া এককালীন চিরতরের জন্য নিঃস্বত্ব ও দখলীচ্যুত হইলাম। আপনি অদ্যকার তারিখ হইতে আমাদের যাবতীয় স্বত্বে স্বত্ববতী ও দখলে দখলকারিনী হইয়া বর্ত্তমান মালিক সেরেস্তায় আমাদের নামের পরিবর্তে আপনার নাম পত্তন পূর্বক ধার্য্য করাদি ট্যাক্সাদি আদায় দিয়া যদৃচ্ছা দান, বিক্রয়, বন্ধক বা যে কোন হস্তান্তর করণের ক্ষমতা যুক্তে স্বত্বাধিকারী

হইয়া পুত্র পৌত্রাদি ওয়ারিশানগণ ও স্থলাভিষিক্তগরক্রমে পরম সুখে ভোগ দখল
করিতে থাকুন । তাহাতে কস্মিনকালেও আমরা কিংবা আমাদের অপর কোন
ওয়ারিশানগণ ও স্থলাভিষিক্তগরক্রমে কেহ কোনপ্রকার ওজর আপত্তি বা দাবী দাওয়া
করিবে না বা করিতে পারিবেক না, করিলেও তাহা সর্বস্তরে সর্ব আদালতে বাতিল ও
নামঞ্জুর বলিয়া ঘোষিত হইবে।

আমরা বিক্রিত সম্পত্তির কোন অংশ ইহার পূর্বে কোন রকম দায়বন্ধ বা দান
করি নাই বা কোন দেনার দায়ে আবদ্ধ নহে। আমরা ইতিপূর্বে অত্র সম্পত্তি উপরোক্ত
মামলায় ১১ নং বিবাদিনী শ্রীমতী রীনা দত্তকে ২৬/২৭.৭.১৯৯৩ তারিখে সম্পাদিত
ও রেজিষ্ট্রীকৃত দলিল মূলে বিক্রয় করিয়াছিলাম ও ৩নং কোবাল দাত্রী শ্রীমতী
জ্যোৎস্না চ্যাটার্জ্জী ও ২ নং কোবালা দাতা সুধাংশু চক্রবর্ত্তী উক্ত শ্রীমতী অসীমা
চক্রবর্ত্তীর ওয়ারিশান হিসাবে উক্ত মোকর্দ্দমায় ৮ হইতে ১০ নং বিবাদী সর্বানী
কাশ্যপী, শ্রীমতী দুলালী কাশ্যপী ও শ্রীমতী দেবলা কাশ্যপীকে ৬.২.৯২ তারিখে
সম্পাদিত ও রেজিষ্ট্রীকৃত দলিল মূলে তাহাদের অবিভক্ত ১/১০ রকম অংশ
বিক্রয় করিয়াছিলেন । কিন্তু উপরোক্ত আদালত তাঁহার রায়ে ঐ দুইটি বিক্রয়
কোবালাকেই বে-আইনী ও অবৈধ ঘোষনা করেন। এক্ষণে অত্র কোবালা দাতাগণ
উক্ত মামলায় বিষয় ভুক্ত সম্পত্তি কোনরূপ আইনত হস্তান্তর করেন নাই এবং উহা
বর্ত্তমানে কোন মামলা মোকর্দ্দমার বিষয় ভুক্ত সম্পত্তি নহে বা উহা কোন আদালত
কর্ত্তৃক ক্রোক বা নিলাম বিক্রয় হয় নাই বা উহা সরকার কর্ত্তৃক বা অন্য কোন সংস্থা
কর্ত্তৃক এ্যাকুইজিশান. বা রিকুইজিশান হয় নাই । বিক্রিত সম্পত্তি ভেষ্টেড নহে ।
আমরা উহা সম্পূর্ন নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আমরা আপনাদিগকে বিক্রয়
করিলাম।

যদি ভবিষ্যতে উপরোক্ত শর্ত সমূহের মধ্যে একটি উক্তি বা শর্ত মিথ্যা বা তঞ্চকী বলিয়া প্রকাশ পায় তাহা হইলে পণের লিখিত সমুদয় টাকা মায় যাবতীয় ক্ষতি খেসারতাদি সহ এককালীন ফেরৎ দিতে আমরা মায় ওয়ারিশানগণক্রমে বাধ্য থাকিব ও থাকিবে।

অত্র দলিলের কোন অংশ ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পাইলে তাহা আপনার খরচায় বেওজরে বিনা পণে সংশোধন দলিল করিয়া দিতে বাধ্য থাকিলাম।

এতদর্থে সুস্থ শরীরে, সরলান্তঃকরনে অন্যের বিনানুরোধে ও বিনা প্ররোচনায় স্বেচ্ছায় স্বজ্ঞানে স্থির মস্তিস্কে অত্র কোবালা দলিলের মর্ম ও ফলাফল সম্যকরূপে অবগত হইয়া এবং পণের সমুদয় টাকা বুঝিয়া পাইয়া অদ্য তারিখে অত্র কোবালায় কোবালা গ্রহিত্রীর নাম বরাবর যথারীতি সহি সম্পাদন করিয়া রেজিষ্ট্রী করিয়া দিলাম।

ইতি তারিখ ইংরাজী ২০০৯ সালের ৮ই সেপ্টেম্বর

মোতাবেক বাংলা ১৪১৬ সালের ২২শে ভাদ্র

-ঃঃ <u>তপশীল বিক্রিত সম্পত্তির পরিচয় ও বিবরণ</u> ঃঃ-

জেলা দক্ষিন ২৪-পরগনা, থানা -চিৎপুর, এ. ডি. এস. আর. অফিস শিবাদহের এলাকাধীন কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ৪ নং ওয়ার্ডের অন্তর্গত, ডিহি পঞ্চান্ন গ্রাম ১ নং ডিভিসন, ১৭ নং সাব-ডিভিসন, ৯৫/৯৬ নং হোল্ডিং ভুক্ত ৪ (চার) কাঠা ১ (এক) ছটাক ১৫ (পনের) বর্গফুট পরিমিত জমি মায় তদুপরিস্থিত বস্থ পুরাতন দ্বিতল গৃহাদি যাহার মোট পরিমাপ ১000 বর্গফুট যাহা সাবেক ১৪ নং পাইক পাড়া রোঃ তৎপরে ১৬ নং পাইক পাড়া রোঃ ও তৎপরে ১ নং সর্বখাঁ রোড,

বর্তমানে ১/৯, পাইক পাড়া রোঃ, কোলকাতা-৭০০০৩৭ প্রেমিসেস ভুক্ত সম্পত্তির অবিভক্ত ১/১০ (নায়ের দশ রকম অংশ) রকম অংশ অত্র কোবালা দলিলের বিক্রিত সম্পত্তি হইতেছে। উক্ত সম্পত্তির চৌহদ্দি ঃ-

উত্তরে ঃ প্রেমিসেস নং ১/১০, পাইক পাড়া রোঃ।

পূর্বে ঃ ১২ ফুট প্রশস্থ কমন প্যাসেজ।

দক্ষিনে ঃ ১/৮, পাইক পাড়া রোঃ।

পশ্চিমে ঃ ক্যাম্প বাগান বস্তি।

ই সা দি ঃ

১) Barindra Nath Ghosh
c/o 2nd civil Judge (Sr) Division
Alipore

২) Tapan Kumar Halder
C/o 3rd civil Judge (Sr Div)
Alipore.

On behalf of the ... Sub ... Ex. No. 4/... of the ...

---

কোবালা দাতা ও দাত্রীগনের স্বাক্ষর

Civil Judge (Sr. Division
8th Court, Alipore,
South 24-Parganas

মুসাবিদাকারক ঃ

Rina Chakraborty Advocate

এ্যাডভোকেট

Alipore Judges' Court
Kolkata 700027

## তপশীল টাকার জমা

| | | |
|---|---|---|
| ১। | বায়না বাবদ গৃহীত তাং ২৯.৬.১৯৮১ | ১৫,০০০ টাকা |
| ২। | বিক্রি মূলে প্রদত্ত পণের বক্রী টাকা | ১,২৫,০০০ টাকা |
| | মোট ঃ | ১,৪০,০০০ টাকা |

মবলগে এক লক্ষ চল্লিশ হাজার টাকা মাত্র বুঝিয়া পাইলাম।

ইসাদি ঃ

১) *Barendra Nath Ghosh*
*c/o 2nd civil Judge (Sr.) Division*
*Alipore.*

২) *Tapan kumar Halder*
*c/o. 3rd civil Judge*
*(Sr. Divn), Alipore.*

কোবালা দাতা ও দাত্রীগণের স্বাক্ষর

| | | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|---|
| PHOTO | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name ....................................................................

Signature ...............................................................



| | | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|---|
| | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name LILABATI GOSWAMI

Signature Lilabati Goswami

| | | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|---|
| PHOTO | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name ....................................................................

Signature ...............................................................

| | | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|---|
| PHOTO | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name ....................................................................

Signature ...............................................................